# কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

২৭৯. যে কোন মসজিদে প্রবেশ করে অন্ততপক্ষে দু’ রাক্’আত্ তাহিয়্যাতুল-মসজিদের নামায আদায় না করে এমনিতেই বসে পড়া

আবু ক্বাতাদাহ্ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

إِذَا دَخَلَ أَحَدُكُمُ الْـمَسْجِدَ ، فَلاَ يَجْلِسْ حَتَّى يُصَلِّيَ رَكْعَتَيْنِ

“যখন তোমাদের কেউ মসজিদে প্রবেশ করে তখন সে যেন দু’রাক’আত নামায আদায় না করে না বসে”।[1]

জাবির বিন্ আব্দুল্লাহ্ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন:

جَاءَ سُلَيْكٌ الْغَطَفَانِيُّ يَوْمَ الْـجُمُعَةِ، وَ رَسُوْلُ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَخْطُبُ، فَجَلَسَ، فَقَالَ لَهُ: يَا سُلَيْكُ! قُمْ فَارْكَعْ رَكْعَتَيْنِ، وَ تَجَوَّزْ فِيْهِمَا، ثُمَّ قَالَ: إِذَا جَاءَ أَحَدُكُمْ يَوْمَ الْـجُمُعَةِ، وَ الْإِمَامُ يَخْطُبُ، فَلْيَرْكَعْ رَكْعَتَيْنِ، وَ لْيَتَجَوَّزْ فِيْهِمَا

“সুলাইক্ গাত্বাফানী (রা.) জুমার দিন মসজিদে ঢুকে তাড়াতাড়ি বসে পড়লেন যখন রাসূল (সা.) খুৎবা দিচ্ছিলেন। তখন রাসূল (সা.) তাকে উদ্দেশ্য করে বললেন: হে সুলাইক্! দাড়াও। সংক্ষিপ্তাকারে দু’ রাক্’আত নামায পড়ে নাও। অতঃপর রাসূল (সা.) ব্যাপকভাবে সবাইকে উদ্দেশ্য করে বললেন: তোমাদের কেউ খুৎবা চলাকালীন মসজিদে প্রবেশ করলে সে যেন সংক্ষিপ্তাকারে দু’ রাক্’আত নামায পড়ে নেয়”।[2]

## ফুটনোট

[1] (বুখারী, হাদীস ৪৪৪, ১১৬৩ মুসলিম, হাদীস ৭১৪)

[2] (মুসলিম, হাদীস ৮৭৫)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11529

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন